



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

কার্যালয় : আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

স্মারক নং- শিশিবো/পনি/উমা/২৬/১০৭২

তারিখ : ২১ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ
০৪ জুলাই, ২০২৬ খ্রিস্টাব্দ


বিষয় : এইচএসসি পরীক্ষা কেন্দ্রের বাহিরে অভিভাবকদের বসার জন্য প্রয়োজনীয় সংখ্যক চেয়ার স্থাপন এবং শৃঙ্খলা রক্ষায় ক্লাউট/বিএনসিসি নিয়োগ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৬ সালের এইচএসসি পরীক্ষার বিভিন্ন কেন্দ্র পরিদর্শনকালে লক্ষ্য করা যাচ্ছে যে, পরীক্ষার্থীদের অভিভাবকগণ তাদের সন্তানদের কেন্দ্রের অভ্যন্তরে প্রবেশ করিয়ে বাহিরে দীর্ঘ সময় অবস্থান করেন। কিন্তু অধিকাংশ কেন্দ্রেই অভিভাবকদের জন্য নির্ধারিত সেড বা বসার স্থান নেই যার ফলে রোদ, বৃষ্টি কিংবা প্রতিকূল আবহাওয়ার মধ্যে তাদেরকে অত্যন্ত কষ্টকর পরিবেশে অবস্থান করতে হয়।

এছাড়াও কেন্দ্রের বাহিরে অভিভাবকদের অবস্থান ও সুশৃঙ্খলভাবে জনসাধারণের চলাচল নিয়ন্ত্রণের জন্য কোনো রোভার ক্লাউট, গার্লস গাইড বা বিএনসিসি সদস্য নিয়োজিত না থাকায় অনেক ক্ষেত্রে অনাকাঙ্ক্ষিত ভিড়, বিশৃঙ্খলা এবং জনদুর্ভোগের সৃষ্টি হয়।

এমতাবস্থায়, অভিভাবকদের সার্বিক সুবিধা ও কল্যাণের কথা বিবেচনায় পরীক্ষা কেন্দ্রের বাহিরে নিরাপদ উপযুক্ত স্থানে অপেক্ষমান শেডসহ বসার জন্য প্রয়োজনীয় চেয়ার স্থাপন এবং কেন্দ্রের শৃঙ্খলা ও জনসমাগম নিয়ন্ত্রণের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক রোভার ক্লাউট/গার্লস গাইড/বিএনসিসি সদস্য নিয়োগের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


০৪.০৭.২০২৬

(প্রফেসর বিলকিস ইয়াছমীন)


পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

প্রাপক : ভারপ্রাপ্ত কর্মকর্তা, এইচএসসি পরীক্ষা-২০২৬
সিলেট বোর্ডের আওতাধীন সকল কেন্দ্র।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

- ১। সিস্টেম এনালিস্ট, অত্র শিক্ষা বোর্ড।
- ২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ৩। অফিস কপি।


০৪/০৭/২৬